ফেব্রুয়ারি ২০১৭ ■ মাঘ-ফাল্গুন ১৪২৩ ■ জমাদিউল আউয়াল-জমাদিউস সানি ১৪৩৮ ■ বর্ষ ০৫ ■ সংখ্যা ১১ ■

# এস ই এল বার্তা

www.sel.com.bd | The Structural Engineers Ltd. এর মুখপত্র | e-mail : info@sel.com.bd

## আল-কুরআনের বাণী



"হে ঈমানদারগণ! তোমরা বহুবিধ অনুমান থেকে বিরত থাকো। নিশ্চয় কোন কোন অনুমান পাপ হয়ে যায় এবং দোষ তালাশ করো না আর একে অপারের গীবত করো না।"

– সূরা আল-হুজুরাত, আয়াত- ১২

## আল-হাদীসের বাণী



হযরত রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন– "কোন বান্দা যদি অপরের দোষ-ত্রুটি দুনিয়াতে গোপন রাখে, আল্লাহ্ তার দোষ-ত্রুটি কিয়ামত দিবসে গোপন রাখবেন।"

- মুসলিম শরীফ

## আপনিও লিখুন

এস.ই.এল পরিবারের সদস্য হলে আপনিও লিখতে পারেন *'এস.ই.এল বার্তা'*য়। জানাতে পারেন আপনার এবং আপনার পরিবারের সদস্যদের সফলতার কথা।

**লেখা পাঠানোর ঠিকানা**

**এস.ই.এল বার্তা**
এস.ই.এল সেন্টার (৩য় তলা)
২৯, বীর উত্তম কাজী নুরুজ্জামান সড়ক
পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫।
e-mail : selbarta@gmail.com

### এস.ই.এল. ও সুবার্তা ট্রাস্ট এর উদ্যোগে

# প্রবীণ নাগরিক বাসস্থান ও সেবা কেন্দ্রের যাত্রা শুরু

**ডেস্ক রিপোর্ট ঃ** রাজধানীর শ্যামলীতে এস ই এল ও সুবার্তা ট্রাস্টের উদ্যোগে "স্বপ্নলোক পিস ভ্যালী" নামীয় প্রবীণ নাগরিক বাসস্থান ও সেবা কেন্দ্রের যাত্রা শুরু হয়েছে। গত ৫ জানুয়ারি শ্যামলীর ১৫ নং হলি লেন এ "এস.ই.এল. ছায়াবিথী" প্রকল্পে প্রবীন নিবাসের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। উদ্বোধন করেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিশিষ্ট শিক্ষাবীদ, অধ্যাপক ও সুবার্তা ট্রাস্টের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদ।



সহায় সম্বল আছে, কিন্তু সেবা-যত্ন করার কেউ নেই। সমাজের এমন প্রবীণ নাগরিকদের মর্যাদাপূর্ণ, মানসম্মত, সুস্থ ও সুন্দর জীবন নিশ্চিত করার অঙ্গীকার নিয়ে প্রবীন নিবাসটির যাত্রা চালু করে এস ই এল ও সুবার্তা ট্রাস্ট। এ সেবা কেন্দ্রটি প্রচলিত ধারার বৃদ্ধাশ্রম থেকে একেবারেই আলাদা। ৬০ বছরের উর্ধ্বে প্রবীণ নাগরিকরা এখানে বসবাস করতে পারবেন। বিশেষ ক্ষেত্রে ৪৫ বছর বয়সীরাও এই সুবিধা পেতে পারেন। ইচ্ছে করলে ফ্ল্যাট কিনতে পারবেন আবার ভাড়াও নিতে পারবেন। বর্তমানে প্রতি বর্গফুটের জন্য মাসিক ভাড়া নেয়া হবে ২৫/- (পঁচিশ) টাকা।

প্রবীণ নিবাসটি সম্পূর্ণ আধুনিক স্থাপত্যের নক্‌শায় নির্মিত। আট তলা বিশিষ্ট এ ভবনের প্রথম তলায় ট্রাস্টের কার্যালয়। এতে খাওয়ার ব্যবস্থা, চিকিৎসক, সাইকোথেরাপি সেন্টার, গ্রন্থাগার, প্রার্থনা কক্ষ, শরীরচর্চা ও চিত্ত বিনোদন কক্ষ এবং সভা করার জায়গা রয়েছে। দ্বিতীয় থেকে অষ্টম তলা পর্যন্ত থাকার জায়গা, ছাদে রয়েছে বিনোদন ও সবুজ বাগান। এখানে প্রায় ৬০/৭০ জন প্রবীণ একত্রে বসবাস করতে পারবেন।

উদ্বোধনী অনুষ্ঠানের আলোচনা সভায় অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদ স্যার বলেন– "জীবন সংগ্রামের পেছনে ছুটতে ছুটতে আজ কারো সময় নেই। ছেলে-মেয়েরা নিজেদেরকে নিয়ে ব্যস্ত। বাবা-মা এবং নাতি-নাতনিদের দাদা-দাদি বা নানা-নানির সাথে সময় কাটানোর সুযোগ তাদের নেই। বৃদ্ধদের দেখার কেউ নেই। তারা যাতে শেষ বয়সে আনন্দের সাথে মর্যাদাপূর্ণ, মানসম্মত, সুস্থ ও সুন্দর জীবন নিয়ে পৃথিবী থেকে চলে যেতে পারেন সে জন্যই এ উদ্যোগ। মেয়র আনিসুল হক এ উদ্যোগকে স্বাগত জানিয়ে সিটি কর্পোরেশনের পক্ষ থেকে সকল ধরনের সহযোগিতার আশ্বাস দেন।

উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল, উপ-ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ এ.ইচ.এম. জহিরুল হক, পরিচালকদ্বয় যথাক্রমে- ইঞ্জিঃ এ.কে.এম. আব্দুল্লাহ, আর্কিটেক্ট এ.কে.এম. আব্দুর রহমান ও সুবার্তা ট্রাস্টের সাধারণ সম্পাদক সেলিনা আখতার প্রমুখ।



Quality comes first, Profit is its logical sequence

**ONGOING PROJECTS**

**APARTMENTS**

**DHAKA**

Bashundhara --- 1658-2180 sft.
Bakshibazar --- 1050-1475 sft.
Elephant Road --- 1603 sft.
Eskaton --- 1865-2767 sft.
Mohammadpur --- 1777-1788 sft.
New Market --- 1515-1536 sft.
Malibagh --- 1216-1610 sft.
Mirpur --- 858-1389 sft.
Shamoly --- 1224-1328 sft.

**COMILLA**

Police Line Mor --- 1328-1380 sft.
Fauzdari Mor --- 1542-1672 sft.
Thomson Bridge --- 1163-1175 sft.
Jail Road --- 1651-1775 sft.

**CHITTAGONG**

Firingi Bazar --- 1429-1459 sft.

**OFFICE SPACES**

Shamoly --- 1004-4663 sft.
Eskaton --- 817-4367 sft.

**READY FLATS**
**Package Offer**

| | |
|---|---|
| Uttara 1336-1370 sft. | Mohakhali 1615 sft. |
| Mirpur 1389-1445 sft. | Shamoly 1143 sft. |
| Gulshan 2331 sft. | Central Road 2154-2335 sft. |
| Savar 1263-1505 sft. | Comilla 1503-1990 sft. |
| Khulna 1897 sft. | |

SEL SINCE 1983
*A House of Total Quality, Trust & Faith*
**The Structural Engineers Ltd.**

**Corporate Office:**
**SEL Centre:** 29, West Panthapath, Dhaka-1205
Phone: 9116572, e-mail: info@sel.com.bd

**Comilla Office:**
SEL Fatema Jahanara Tower
Plot-629 & 631, Kandirpar, Comilla
Cell: 01811 459047, 01819 558161, 01811 455268

Hotline 09666 77 33 44

www.sel.com.bd | facebook.com/the structural engineers ltd.

### সাক্ষাৎকার

# 'টেকসই উন্নয়নের পূর্ব শর্ত সুশাসন'



**ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল**
ব্যবস্থাপনা পরিচালক
দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ

*গত জানুয়ারি ০৫, ২০১৭ইং তারিখে 'সাপ্তাহিক' এ সাক্ষাৎকারটি প্রকাশিত হয়। আবাসন শিল্পের সার্বিক বিষয়ের পাশাপাশি দেশের ব্যবসা পরিস্থিতি, উন্নয়ন, বিনিয়োগ, সমাজ, রাজনীতির নানা প্রসঙ্গ উঠে আসে এ সাক্ষাৎকারে। 'এস.ই.এল. বার্তার'য় তা কিছুটা পরিমার্জন করে ধারাবাহিক প্রকাশনার প্রথম পর্ব।*

**সাপ্তাহিক :** আপনার প্রতিষ্ঠান দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড (SEL) ৩৩ বছর পার করল। জানতে চাইব শুরুর কথা।

**ইঞ্জিনিয়ার মো. আব্দুল আউয়াল :** ১৯৮৩ সালের ৬ ডিসেম্বর মূলত যাত্রা শুরু। তবে তারও এক বছর আগে আরেকজনের সাথে ব্যবসা শুরু করেছিলাম ভিন্ন নামে।



'সুশাসনবিহীন উন্নয়ন মুখ থুবড়ে পড়তে বাধ্য'

**সাপ্তাহিক :** দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড (SEL) এর নামকরণ নিয়ে কিছু বলুন।

**ইঞ্জিনিয়ার মো. আব্দুল আউয়াল :** বুয়েটে পড়ার সময় আমার প্রিয় বিষয় ছিল Structural Analysis। আর প্রিয় শিক্ষক ছিলেন জামিলুর রেজা স্যার। জামিলুর রেজা স্যার এবং সোহরাব উদ্দিন স্যার আমাদের এই বিষয়টি পড়াতেন। বিষয়টির প্রতি আমার এতোটাই ভালোবাসা ছিল যে আমি এ বিষয়ে কোন ক্লাশ বাদ দেইনি। তবে অপ্রত্যাশিতভাবে চূড়ান্ত পরীক্ষায় এই বিষয়টিতেই আমি সবচেয়ে খারাপ করি। আর এ কারণেই সেকেন্ড ক্লাস পাই। এই Structural Analysis বিষয়টি বাদ দিয়ে অন্যান্য বিষয়ে প্রাপ্ত নম্বরের গড় ৬০% এর বেশীই ছিল। কিন্তু এ বিষয়ে প্রাপ্ত নম্বর যোগ হলে গড় ৬০% এর নিচে নেমে যায়। ওই বছর ২১ জন ফার্স্ট ক্লাস পেয়েছিল। আর আমার অবস্থান ছিল ২২তম। ফার্স্ট ক্লাস পেলেই আমিও বুয়েটের শিক্ষক হতে পারতাম। কারণ যিনি ২১তম হয়েছিলেন তিনিও বুয়েটের শিক্ষক হয়েছিলেন। তখন বড় কষ্ট পেয়েছিলাম। যা হোক বলছিলাম, শুরুর কথা। নির্মাণ ব্যবসার মধ্য দিয়েই শুরু করেছিলাম। 'স্ট্রাকচার' বিষয়ের প্রতি ভালোবাসা থেকেই কোম্পানির নামকরণ।

চলবে......

# ৩৩তম বর্ষপূর্তি অনুষ্ঠানের
## টু কি টা কি



স্থপতি এ.কে.এম. আব্দুর রহমান, পরিচালক
দৃষ্টি যেন অনেক দূরের যাত্রী হবার



দু'আ-মুনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের শুভসূচনা



ইঞ্জিঃ এ.কে.এম. আব্দুল্লাহ, পরিচালক
যার শূন্যতা ছিল পুরো অনুষ্ঠান জুড়ে
(তিনি উচ্চ শিক্ষার উদ্দেশ্যে কানাডায় অবস্থান করছেন)

### ফুলেল শুভেচ্ছা












অতীত, বর্তমান ও ভবিষ্যৎ নিয়ে যত কথা ঃ
(বা থেকে), পরিচালক স্থপতি এ.কে.এম. আব্দুর রহমান, উপ-ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ এ.এইচ.এম. জহিরুল হক, ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল ও প্রধান অতিথি অধ্যাপক আবদুল্লাহ্ আবু সায়ীদ



কেক কাটার মাধ্যমে অনুষ্ঠানের মূল পর্ব শুরু



ভালোবাসায় বিশ্বস্ততার স্বীকৃতি ঃ
এস.ই.এল. শেলী প্রকল্পের সম্মানিত ল্যান্ডওনার জনাব আব্দুল হান্নান কর্তৃক লিখিত দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ এর সততা ও নিষ্ঠাসহ সার্বিক বিষয়ে "Protrait of a business with a human face" শিরোনামে গত অক্টোবর ১৮, ২০১৬ইং তারিখে 'দি ফাইন্যান্সিয়াল এক্সপ্রেস' পত্রিকায় নিবন্ধ প্রকাশিত হয়। নিবন্ধটি বর্ষপূর্তি অনুষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল এর হাতে তুলে দেন জনাব আব্দুল হান্নান।

### ফুলেল শুভেচ্ছা













আর্কিটেক্ট মোঃ আব্দুর রহিম এর যাদু নজর কাড়ে সকলের



¯^cœ †`Lvq, ¯^cœ †`wL t cÖexY-bex‡bi †gj eÜb
ইঞ্জিঃ এ.এইচ.এম. জহিরুল হক, উপ-ব্যবস্থাপনা পরিচালক ও
স্থপতি এ.কে.এম. আব্দুর রহমান, পরিচালক




দ্বিতীয় পর্বে পিলু পাসিং খেলা ও পুরস্কার বিতরণ

## জাতীয় দৈনিকে প্রকাশিত বর্ষপূর্তি অনুষ্ঠানের খবর



আমাদের অর্থনীতি

৭ ডিসেম্বর ২০১৬ ২৩ অগ্রহায়ণ ১৪২৩

### SEL-এর ৩৩ বছর পূর্তি

গত ০৬ ডিসেম্বর The Structural Engineers Ltd. (SEL) নির্মাণ ও আবাসন শিল্পে তার ৩৩ বছরের দীর্ঘ পথ অতিক্রম করলো। এ উপলক্ষে ০৬ ডিসেম্বর, ২০১৬ইং তারিখ রোজ রবিবার বেলা ১১:৩০ মিনিটে কোম্পানির প্রধান কার্যালয় SEL Centre, ২৯ বীর উত্তম কাজী নুরুজ্জামান সড়ক, পশ্চিম পান্থপথ, ঢাকায় দিনব্যাপী 'শুভেচ্ছা বিনিময় ও মিষ্টি মুখ' অনুষ্ঠানের আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ, বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও আলোকিত মানুষ গড়ার কারিগর অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। তিনি তার বক্তব্যে দীর্ঘ ৩৩ বছর ধরে নির্মাণ ও আবাসন শিল্পে কোম্পানির এর সততা, কাজের গুণগত মান ও গ্রাহক সেবার ভূয়সী প্রশংসা করেন এবং ভবিষ্যৎ পথচলায় তা যেন আরও উত্তরোত্তর সমৃদ্ধি লাভ করতে পারে সেই কামনা করেন। অনুষ্ঠানে উপস্থিত SEL এর ব্যবস্থাপনা পরিচালক, REHAB (রিহ্যাব) ও BSTQM (বিএসটিকিউএম) এর সাবেক সভাপতি প্রকৌশলী মোঃ আব্দুল আউয়াল তার বক্তব্যে কোম্পানির ভবিষ্যৎ কর্মপরিকল্পনার বি[illegible] ধরেন এবং গ্রাহক সেবার মান আরও অধিকতর উন্নতির আশা ব্যক্ত করে[illegible] আরও বক্তব্য উপস্থাপন করেন কোম্পানির উপ-ব্যবস্থাপনা পরিচালক [illegible] এ.এইচ.এম. রফিকুল হক, পরিচালক (কারিগরী) প্রকৌশলী মোঃ আনোয়া[illegible] ও স্থপতি এ.কে.এম. আবদুর রহমান (শাহিন)। এ ছাড়াও অনুষ্ঠানে কোম্পানির এর [illegible] পরিচালকবৃন্দ, কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, ল্যান্ডওনার্স, গ্রা[illegible] স্বনামধন্যকারী, ঠিকাদার, বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃ[illegible] শুভাকাঙ্ক্ষী ও শুভানুধ্যায়ীগণ উপস্থিত ছিলেন। প্রেস বিজ্ঞপ্তি



প্রথম আলো বুধবার ৭ ডিসেম্বর ২০১৬

### এসইএলের ৩৩ বছর পূর্তি

দ্য স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড (এসইএল) নির্মাণ ও আবাসন শিল্পে ৩৩ বছরের দীর্ঘ পথ অতিক্রম করল। এ উপলক্ষে গতকাল মঙ্গলবার ঢাকায় কোম্পানির প্রধান কার্যালয়ে দিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। প্রধান কার্যালয়ে ডিসেম্বর মাসজুড়ে চলছে 'বর্ষপূর্তি আবাসন মেলা'। এতে রেডি ফ্ল্যাটে প্যাকেজ মূল্য ও অন্যান্য ফ্ল্যাটে আকর্ষণীয় মূল্য ছাড় দেওয়া হচ্ছে। বিজ্ঞপ্তি



সমকাল

৭ ডিসেম্বর ২০১৬ ২৩ অগ্রহায়ণ ১৪২৩

### নির্মাণ ও আবাসন শিল্পে SEL এর ৩৩ বছর পূর্তি

গত ০৬/১২/২০১৬ইং তারিখ The Structural Engineers Ltd. (SEL) নির্মাণ ও আবাসন শিল্পে তার ৩৩ বছরের দীর্ঘ পথ অতিক্রম করলো। এ উপলক্ষে ০৬ ডিসেম্বর, ২০১৬ইং তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১:৩০ মিনিটে প্রধান কার্যালয় SEL Centre, ২৯ বীর উত্তম কাজী নুরুজ্জামান সড়ক, পশ্চিম পান্থপথ, ঢাকায় দিনব্যাপী 'শুভেচ্ছা বিনিময় ও মিষ্টি মুখ' অনুষ্ঠানের আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ, বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও আলোকিত মানুষ গড়ার কারিগর অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। তিনি তার বক্তব্যে দীর্ঘ ৩৩ বছর ধরে নির্মাণ ও আবাসন শিল্পে SEL এর সততা, কাজের গুণগত মান ও গ্রাহক সেবার ভূয়সী প্রশংসা করেন এবং ভবিষ্যৎ পথচলায় তা যেন আরও উত্তরোত্তর সমৃদ্ধি লাভ করতে পারে সেই কামনা করেন। অনুষ্ঠানে উপস্থিত SEL এর ব্যবস্থাপনা পরিচালক, REHAB (রিহ্যাব) ও BSTQM (বিএসটিকিউএম) এর সাবেক সভাপতি প্রকৌশলী মো. আব্দুল আউয়াল তার বক্তব্যে কোম্পানির ভবিষ্যৎ কর্মপরিকল্পনার বিস্তারিত তুলে ধরেন এবং গ্রাহক সেবার মান আরও অধিকতর উন্নতির আশা ব্যক্ত করেন। অনুষ্ঠানে আরও বক্তব্য উপস্থাপন করেন কোম্পানির উপ-ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী এ.এইচ.এম. রফিকুল হক, পরিচালক (কারিগরী) প্রকৌশলী মো. আনোয়ার হোসেন ও স্থপতি এ.কে.এম. আবদুর রহমান (শাহিন)। এ ছাড়াও অনুষ্ঠানে SEL এর অন্যান্য পরিচালকবৃন্দ, কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, ল্যান্ডওনার্স, গ্রাহকগণ, স্বনামধন্যকারী, ঠিকাদার, বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক এবং শুভাকাঙ্ক্ষী ও শুভানুধ্যায়ীগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ৩৩তম বর্ষপূর্তি উপলক্ষে SEL এর রেডি ফ্ল্যাটে প্যাকেজ মূল্য ও অন্যান্য ফ্ল্যাটে আকর্ষণীয় মূল্য ছাড় প্রধান কার্যালয় SEL Centre এ ডিসেম্বর মাস জুড়ে চলছে "বর্ষপূর্তি আবাসন মেলা-২০১৬"। ধানমন্ডি, বনানী, বারিধারা, উত্তরা, বসুন্ধরা, গ্রীন রোড, সেন্ট্রাল রোড, মালিবাগ, শেওড়াপাড়া, মিরপুর, এবং [illegible] রোড, শ্যামলী, লালমাটিয়া, সিদ্ধেশ্বরী ও শান্তিনগরে বিভিন্ন আবাসিক প্রকল্পে ... [illegible] ... SEL এর কার্যক্রম পরিচালিত হচ্ছে চট্টগ্রাম, কুমিল্লা, খুলনা ও ময়মনসিংহ[illegible]।







বাংলাদেশ সময়

বুধবার ৭ ডিসেম্বর ২০১৬

### নির্মাণ ও আবাসন শিল্পে সেলের ৩৩ বছর পূর্তি

The Structural Engineers Ltd. (SEL) নির্মাণ ও আবাসন শিল্পে তার ৩৩ বছরের দীর্ঘ পথ অতিক্রম করল। এ উপলক্ষে সম্প্রতি সেল প্রধান কার্যালয়ে দিনব্যাপী 'শুভেচ্ছা বিনিময় ও মিষ্টি মুখ' অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ, বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও আলোকিত মানুষ গড়ার কারিগর অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। অনুষ্ঠানে উপস্থিত সেলের ব্যবস্থাপনা পরিচালক, রিহ্যাব ও বিএসটিকিউএম এর সাবেক সভাপতি প্রকৌশলী মো. আবদুল আউয়াল।



আমাদের সময়

বুধবার ৭ ডিসেম্বর ২০১৬ ■ ২৩ অগ্রহায়ণ ১৪২৩

দ্য স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড (এসইএল) নির্মাণ ও আবাসনশিল্পে তার ৩৩ বছরের দীর্ঘ পথ অতিক্রম করল। এ উপলক্ষে ৬ ডিসেম্বর বেলা সাড়ে ১১টায় এসইএলের প্রধান কার্যালয়ে এসইএল সেন্টার, ২৯ বীর উত্তম কাজী নুরুজ্জামান সড়ক, পশ্চিম পান্থপথ, ঢাকায় দিনব্যাপী 'শুভেচ্ছাবিনিময় ও মিষ্টিমুখ' অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও আলোকিত মানুষ গড়ার কারিগর অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসইএলের ব্যবস্থাপনা পরিচালক, রিহ্যাব ও বিএসটিকিউএমের সাবেক সভাপতি প্রকৌশলী মো. আব্দুল আউয়াল।



ডিসেম্বর ২০১৬, ২৩ অগ্রহায়ণ ১৪২৩ | ভোরের পাতা

গতকাল মঙ্গলবার The Structural Engineers Ltd. (SEL) নির্মাণ ও আবাসন শিল্পে তার ৩৩ বছরের দীর্ঘ পথ অতিক্রম করলো। এ উপলক্ষে SEL প্রধান কার্যালয় SEL Centre, ২৯ বীর উত্তম কাজী নুরুজ্জামান সড়ক, পশ্চিম পান্থপথ, ঢাকায় দিনব্যাপী 'শুভেচ্ছা বিনিময় ও মিষ্টি মুখ' অনুষ্ঠানের আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ, বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও আলোকিত মানুষ গড়ার কারিগর অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। অনুষ্ঠানে উপস্থিত SEL-এর ব্যবস্থাপনা পরিচালক, REHAB (রিহ্যাব) ও BSTQM (বিএসটিকিউএম)-এর সাবেক সভাপতি প্রকৌশলী মো. আব্দুল আউয়াল তার বক্তব্যে কোম্পানির ভবিষ্যৎ কর্মপরিকল্পনার বিস্তারিত তুলে ধরেন এবং গ্রাহক সেবার মান আরও অধিকতর উন্নতির আশা ব্যক্ত করেন। -বিজ্ঞপ্তি

## টেলিভিশনে প্রচারিত বর্ষপূর্তি অনুষ্ঠানের খবর















# ইঞ্জিঃ আব্দুল আউয়াল সাহেবের সাথে কথা বলে মনে হলো তার উপর আমরা আস্থা রাখতে পারি



**ডক্টর এ বি এম হোসাইন**
প্রফেসর এমিরেটাস, রাজশাহী বিশ্ববিদ্যালয়
সম্মানিত ল্যান্ডওনার, 'নর্থ স্টার' এ্যাপার্টমেন্ট

*ডক্টর.এ বি এম হোসাইন ১৯৩৪ সালের ১লা সেপ্টেম্বর কুমিল্লা জেলার দেবিদ্বারে জন্ম গ্রহণ করেন। নিজ গ্রামের স্কুল থেকে মেট্রিকুলেশন পাশ করেন। এর পরে কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ থেকে আইএ পাশ করে ভর্তি হন ঢাকা বিশ্ববিদ্যালয় এর ইসলামের ইতিহাস বিভাগে। তিনি ১৯৫৪ সালে বিএ অনার্স এবং ১৯৫৫ সালে এমএ ডিগ্রি অর্জন করেন। পুনরায় লন্ডন থেকে ১৯৫৮ সালে ইতিহাসে অনার্স করেন। এরপরে ১৯৬০ সালে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। একই বছরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগে অধ্যাপনার কাজে যোগ দেন। সুনামের সাথে দীর্ঘ জীবন অধ্যাপনা শেষে ১৯৯৯ সালে অবসর গ্রহণ করেন। তার লেখা ইতিহাস ও সংস্কৃতি বিষয়ক ১২টি বই প্রকাশিত হয়েছে। পিএইচডি তত্ত্বাবধায়ন সংখ্যা ১৮। গুণী এ মানুষকে ২০০২ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় 'প্রফেসর এমিরেটাস' ঘোষণা করে। তিনি বাংলাদেশের প্রথম প্রফেসর এমিরেটাস। তিনি এস.ই.এল. এর প্রকল্প "নর্থ স্টার" এর সম্মানিত ল্যান্ডওনার। এস.ই.এল. এর ব্যবসায়িক কার্যক্রম নিয়ে তার সাথে কথা বলেছেন - আমানুল্লাহ নোমান।*

**এস.ই.এল বার্তা :** এস.ই.এল. এর সাথে পরিচয়ের সূত্রপাত সম্পর্কে কিছু বলুন।

**এ বি এম হুসাইন :** বিখ্যাত আর্কিটেক্ট মাহবুবুল হক সাহেবের সাথে আমাদের পারিবারিক সম্পর্ক রয়েছে। আমরা মাহবুবুল হক সাহেবের কাছে বাড়ি উন্নয়ন করার পরামর্শ চাইলে তিনি এস.ই.এল. ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ আব্দুল আউয়াল সাহেবের সাথে আমাদের পরিচয় করিয়ে দেন। তিনি বলেন আমার ছাত্রদের মাঝে আউয়াল সর্বোত্তম। এভাবেই এস.ই.এল. এর সাথে আমাদের পরিচয়।

**এস.ই.এল বার্তা :** ডেভেলপার হিসেবে এস.ই.এল-কে কেন পছন্দ করলেন?

**এ বি এম হুসাইন :** বিখ্যাত আর্কিটেক্ট মাহবুবুল হক সাহেবের সার্টিফায়েটতো আছেই। এছাড়াও ইঞ্জিঃ আব্দুল আউয়াল সাহেবের সাথে কথা বলে মনে হলো তার উপর আমরা আস্থা রাখতে পারি। এসব কিছু মিলিয়ে এস.ই.এল-কে পছন্দ করেছি।

> **এস.ই.এল. এর কোয়লিটি খুবই ভালো। আমারা এ বাড়িতে বহু বছর ধরে বসবাস করছি। এখন পর্যন্ত কোন সমস্যা হয়নি। স্ট্রাকচার, ডিজাইনসহ খুঁটিনাটি সকল কাজই মানসম্মত হয়েছে।**

**এস.ই.এল বার্তা :** এস.ই.এল. কোয়ালিটি ও কমিটমেন্ট সম্পর্কে কিছু বলুন।

**এ বি এম হুসাইন :** এস.ই.এল. এর কোয়লিটি খুবই ভালো। আমারা এ বাড়িতে বহু বছর ধরে বসবাস করছি। এখন পর্যন্ত কোন সমস্যা হয়নি। স্ট্রাকচার, ডিজাইনসহ খুঁটিনাটি সকল কাজই মানসম্মত হয়েছে।

**এস.ই.এল বার্তা :** এস.ই.এল. এর কোন বিষয়টি আপনার কাছে সবচেয়ে বেশি ভালো লেগেছে।

**এ বি এম হুসাইন :** এস.ই.এল. কমিটমেন্ট পুরোপুরি রক্ষা করে। এতে কোন ব্যত্যয় ঘটে না। কমিটমেন্ট পরিপূরণ করার জন্য তাদের যে প্রচেষ্টা এটা আমার খুব ভাল লেগেছে। এছাড়াও স্টাফদের কোয়ালিটি ও সকলের আন্তরিকতা আমার কাছে ভালো লেগেছে। আপনাদের ওখানে জনাব মোঃ মকবুল সাহেব, জনাব মোঃ শাহজাহান সাহেব, আর্কিটেক্ট আব্দুর রহীম সাহেবসহ অনেকে আছেন যাদের নাম আমি এ মুহূর্তে স্মরণ করতে পারছি না, তাদের আন্তরিকতা আমার কাছে ভালো লেগেছে।

**এস.ই.এল. বার্তা :** এস.ই.এল. এর জন্য আপনার পরামর্শ কী?

**এ বি এম হুসাইন :** এস.ই.এল. এখনো তাদের যে কোয়ালিটি অব্যাহত রখেছে তা ধরে রাখতে পারলে এস.ই.এল. আরও বহুদূর এগিয়ে যাবে বলে আমার দৃঢ় বিশ্বাস। এছাড়াও ভবিষৎ প্রজন্মের কথা চিন্তা করে ভবনগুলো তৈরি করা। বিশেষ করে বাচ্চাদের খেলাধূলার জন্য সকল প্রকল্পেই আলাদা জায়গা রাখার ব্যবস্থা রাখা জরুরি।

**এস.ই.এল. বার্তা :** আপনার মূল্যবান সময় দেয়ার জন্য আপনাকে অসংখ্য ধন্যবাদ।

**এ বি এম হুসাইন :** এস.ই.এল পরিবারকে আমার পক্ষ থেকে অসংখ্য ধন্যবাদ।

## শীত বস্ত্র বিতরণ




এস.ই.এল. চ্যারিটেবল ফাউন্ডেশনের উদ্যোগে গাইবান্ধা জেলার দরিদ্র শীতার্থ মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।

## শিক্ষা উন্নয়ন কার্যক্রম



দিনাজপুর জেলার সদর থানার ঈদগাহ্ বালিকা উচ্চ বিদ্যালয়ের অস্বচ্ছল মেধাবী শিক্ষার্থীদের বাড়ি বাড়ি গিয়ে শিক্ষার পরিবেশ, সমস্যা ও সমাধান সম্পর্কে শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের সাথে কথা বলেন। পরবর্তীতে অস্বচ্ছল মেধাবী শিক্ষার্থীদের নগদ আর্থিক সহযোগিতার পাশাপাশি স্বপ্ন পূরণে ভবিষ্যতে পাশে থাকার প্রত্যয় ব্যক্ত করেন দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল।



চাঁদপুর জেলার ফরিদগঞ্জস্থ 'হাজী আঃ আহাদ উচ্চ বিদ্যালয়' এর 'বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান-২০১৬" এর প্রধান অতিথি হিসাবে জাতীয় পতাকা উত্তোলন ও পুরস্কার বিতরণ করেন দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল।

আবাসন শিল্পের বর্তমান অবস্থা, অগ্রগতির বিস্তারিত জানতে ভিজিট করুন–
আবাসন নিউজ
abashannews24.com

**SEL Auditorium**
SEL Centre, 29, West Panthapath, Dhaka-1205
FOR RENT
- Seminar
- Meeting
- Workshop
- Training
- AGM
- Ifter Party
- EGM
- Cultural Prog.
- Conference
- Product Launching
- Press Conference


Cell: 01847 005 790

দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক, ইঞ্জি. মো. আব্দুল আউয়াল, ২৯, পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫ কর্তৃক প্রকাশিত এবং আমানুল্লাহ নোমান কর্তৃক সম্পাদিত। ফোন : ৯১১৬৫৭২, ০১৮১৯-৫৫৮১৪১